

২৭ জানুয়ারি

ভোলায় প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে নয়া উদ্যোগ

ভোলা প্রতিনিধি

নিম্নগতির দিক থেকে দেশের ৬৪ ভোলায় অবস্থান ৬৪তম। এ অবস্থার জন্য প্রাথমিক স্কুল পর্যায়ে শিক্ষার্থীদের দুর্বলতাকে গড়ে ভোলাকে দায়ী করা হয়েছে। বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মুহাম্মদ হাসানুজ্জামান এ জন্য দায়ী করেছেন রাজনৈতিক কারণে ঘত্রতর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে স্কুল-কলেজ ও মাদ্রাসা গড়ে তোলা। প্রকৃত মেধা যাচাই না করে রাজনৈতিক নেতাকর্মীদের শিক্ষক হিসেবে নিয়োগ করা, শিক্ষা প্রতিষ্ঠানে মটিক উপায়ে পাঠদান না করা, গুরু শিক্ষক গড়ে না ওঠায় ভোলার অবস্থান দিন দিনই অবনতির দিকে চলেছে। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান, প্রথমিক শিক্ষাক্ষরকে তেল মাজাতে বিভিন্ন পদক্ষেপ নেয়া হয়েছে। এর মধ্যে পঞ্চম শ্রেণীর শিক্ষার্থীর ওপর বিশেষ

ওরত্ব্যুপেণ করা হয়। বড় বড় বহুতলের মধ্যে কোচিং নিশ্চেষ্টে ক্লাস নেয়া হয়েছে। বাইরেটেপনে শিক্ষকরা ক্লাস করছেন। এ উদ্যোগের সফল শিক্ষার্থীরা পাবে বলে শিক্ষা অফিসার দাবি করেন। এছাড়া অপর উদ্যোগের মধ্যে রয়েছে প্রাথমিক বৃত্তি পরীক্ষায় যেনব ছাত্রছাত্রী অংশ নেবে তাদের পতজাপ পাস করতে হবে। এ সিদ্ধান্ত এখন বাধ্যতামূলক করা হয়েছে। যেনব স্কুলের ছাত্রছাত্রীরা বৃত্তি পরীক্ষায় ফেল করবে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। ইতিমধ্যে শিক্ষকদের উৎসাহিত করার জন্য বৃত্তি পরীক্ষায় পরপর ৩ বছর, পরপর ২ বছর এবং এক বছর ভোলা ফলাফল করার জন্য ১০০ শিক্ষা প্রতিষ্ঠান ও প্রধানদের পুরস্কৃত করা হয়। এর মধ্যে ভোলা, দৌলতখান, বোরহানউদ্দিন ও ননপূরা উপজেলায় পরপর ৩ বছর ভোলা ফলাফল করেছে এমন স্কুলের সংখ্যা ১৬টি, ২

বছর ভোলা ফলাফল করেছে ৪৩টি। ১ বছর করেছে ৪৩টি শিক্ষা প্রতিষ্ঠান। ৩ বছর ভোলা ফলাফল করেছে ৩ স্কুলগুলো হচ্ছে— ভোলা সদরের চর ছিপসী সরকারি প্রাথমিক বিদ্যালয়, চরনোয়াবাদ সং: প্রাঃ বিঃ, আলীনগর সং: প্রাঃ বিঃ, ওয়েস্টার্ন পাড়া সরকারি প্রাঃ বিঃ। দৌলতখানে রয়েছে জয়নগর উঃ বিঃ প্রাঃ স্কুল, জয়নগর ফকির বাড়ি স্কুল, পঃ রাম রতন স্কুল, দৌলতখান মডেল স্কুল, ওগুগঞ্জ স্কুল, বোরহানউদ্দিন উপজেলায় রয়েছে বোরহানউদ্দিন সং: প্রাঃ বিদ্যালয়। প্রাথমিক শিক্ষা কর্মকর্তা অণিত বরণ দাশ জানান, ইতিমধ্যে ভোলা সদর উপজেলায় ত্রৈমাসিক মডেল টেস্ট পরীক্ষা চালু করা হয়েছে। এ পদ্ধতিতে এক স্কুলের শ্যাতা অন্য স্কুলের শিক্ষকরা দেখবেন। এছাড়া স্কুলগুলোর মনিটরিং পদ্ধতিতে আদাল পরিবর্তন আনা হয়েছে।



ভোলার প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে নয়া উদ্যোগে ভোলা ফলাফলের জন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সংবর্ধিত শিক্ষক ও কর্মকর্তারা